



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় শাখা
www.sid.gov.bd



নং- ৫২.০০.০০০০.০১০.১৬.০১১.২১-২১০

তারিখঃ ৫ কার্তিক ১৪২৮
২১ অক্টোবর ২০২১

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০১ (এক) পাতা।

মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব, এসডিজি সেল/উন্নয়ন-১,২/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা/প্রশাসন-১,৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ২। পরিচালক (এফএ এন্ড এমআইএস), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৬। পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়-কে অবগতিকরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ১৭/১০/২০২১
সময়	: বেলা: ১২.০০ ঘটিকা
স্থান	: সভা কক্ষ (ব্লক-এ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভাপতি	: মোছাঃ নূরজাহান খাতুন যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	: পরিশিষ্ট “ক” সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব, জনাব মো: আনোয়ার হোসেনকে অনুরোধ জানান। জনাব মোঃ আনোয়ার হোসেন বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর গত ৩০/৫/২০২১ তারিখে ১ম ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। ফিডব্যাক সভার সিদ্ধান্ত অনুযায়ী বিবিএস তাদের ১ম কোয়ার্টারের বাস্তবায়িত কর্মপরিকল্পনা প্রদান করেছে। এ প্রসঙ্গে সভাপতি বিবিএস-এর শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব নয়ন কান্তি রায়কে তাদের ১ম কোয়ার্টারের বাস্তবায়িত কর্মপরিকল্পনা উপস্থাপনের অনুরোধ জানালে তিনি তা উপস্থাপন করেন।

২। সভাপতি বলেন যে, বিবিএস-এর জাতীয় শুদ্ধাচারের ১ম কোয়ার্টারের বাস্তবায়িত কর্মপরিকল্পনার ২.২ এ উল্লিখিত প্রকল্পের PSC ও PIC সভাগুলো যাতে সঠিক সময়ে হয় সে বিষয়ে লক্ষ্য রাখাসহ প্রমাণকগুলো সংরক্ষণপূর্বক যথাসময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া তিনি ২.৩ এর বিষয়ে বলেন যে, চলতি অর্থবছরে কোন প্রকল্প সমাপ্তি হলে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রকল্পের যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করতে হবে। সভায় উপসচিব, মোসা: কামরুন্নাহার বলেন যে, বিবিএস-এর কর্মপরিকল্পনার ৩ নং কার্যক্রমে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক যে ৫টি কার্যক্রম উল্লেখ করা হয়েছে তা সঠিকভাবে যথাসময়ে বাস্তবায়ন করা প্রয়োজন।

৩। সভায় বিবিএস-এর পরিচালক জনাব মোঃ এমদাদুল হক বলেন- তাদের কর্মপরিকল্পনার নৈতিকতা কমিটির সভা, প্রশিক্ষণ, PSC ও PIC সভা, কর্মপরিবেশ উন্নয়ন ইত্যাদি বিষয়ে সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হয়েছে। পরবর্তী কার্যক্রমগুলোও যথাসময়ে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।


৪। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) বিবিএস-এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কোয়ার্টারের বাস্তবায়িত প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণ করতে হবে। একই সাথে মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দিকে লক্ষ্য রাখতে হবে।

(খ) PSC ও PIC সভাগুলো সঠিক সময়ে সম্পন্নের প্রতি খেয়াল রাখাসহ যথাসময়ে প্রমাণকগুলো এ বিভাগে প্রেরণ করতে হবে। একই সাথে এ অর্থবছরে কোন প্রকল্পের মেয়াদ শেষ হলে সেই প্রকল্পের যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি যথাসময়ে বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে।

(গ) বিবিএস-এর কর্মপরিকল্পনার ৩নং কার্যক্রমে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উল্লিখিত ৫টি কার্যক্রম যথানিয়মে বাস্তবায়ন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোছাঃ নূরজাহান খাতুন)
যুগ্মসচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।